# সংবাদ

তারিখ 13 JAN 20
পৃষ্ঠা 12 কলাম 2

## মানিকগঞ্জে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ শুরু

নিজস্ব বার্তা পরিবেশক, মানিকগঞ্জ ঃ বৃহস্পতিবার মানিকগঞ্জ জেলার সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৫৫ হাজার ২শ' ৭ জন ছাত্রছাত্রীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের কাজ

বিতরণ ঃ পৃঃ ২ কঃ ২

### বিতরণ ঃ পাঠ্যপুস্তক

( ১২ পৃষ্ঠার পর )

আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে।

স্থানীয় শহর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে পাঠ্যপুস্তক, বিতরণ উদ্বোধন করেন জেলা প্রশাসক গোলাম নবী। অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার এজেএম আবদুল্লাহেল বাকি সভাপতিত্ব করেন। অন্যদের মধ্যে ছিলেন ওই স্কুলের প্রধান শিক্ষিকা কাবেরী গুহ নিয়োগী, মো. শাহজাহান, রিয়াজউদ্দিন সরকার ও অ্যাডভোকেট জামিলুর রশীদ খান প্রমুখ।

শিবালয় উপজেলার উথলী এবং কেন্দ্রীয় আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিবালয় উপজেলা নির্বাহী অফিসার আবুল কাসেম ছাত্রছাত্রীদের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণ করেন।